কৃষি তথ্য সার্ভিস (এআইএস)

Agriculture Information Service (AIS)

www.ais.gov.bd

পরিচিতি

কৃষ তথ্য সার্ভিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি প্রতিষ্ঠান। ১৯৬১ সনে কৃষি তথ্য সংস্থা হিসেবে প্রতিষ্ঠানটির আত্ম প্রকাশ ঘটে। এরপর ১৯৮০ সনে কৃষি তথ্য সংস্থাকে কৃষি তথ্য সার্ভিস নামকরণ করা হয়। সংস্থাটি জন্মলগ্ন থেকেই নিরলসভাবে নিজস্ব উদ্যোগ ও অন্যান্য গণমাধ্যমের সহযোগিতায় কৃষি তথ্য ও প্রযুক্তি তৃণমূল পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় অবস্থিত।

উন্নয়ন প্রকল্প

ক) দশটি কৃষি অঞ্চলে কৃষি তথ্য সার্ভিস-এর কার্যক্রম নিবিড়করণ প্রকল্প : জুলাই ২০০৮–জুন ২০১৫ (সংশোধিত)

কৃষি রেডিও FM 98.8, আমতলী, বরগুনা

প্রধান কার্যাবলী:

- কৃষিবিষয়ক বিভিন্ন প্রিন্ট সামগ্রী ও ভিডিও সামগ্রী প্রকাশ ও বিতরণ
- কৃষি তথ্য কার্যক্রম সম্প্রসারণ ও যথোপযুক্ত পর্যায়ে উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারি/আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকাণ্ড মিডিয়ায় তুলে ধরা এবং সম্প্রসারণ কর্মী/ বিজ্ঞানীদের দক্ষতা ও সৃজনশীলতা বাড়ানোর লক্ষ্যে কর্মশালার আয়োজন করা ও কৃষকদের কৃষি প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ প্রদান করা
- কৃষি তথ্য সার্ভিস শক্তিশালীকরণ প্রকল্পের কর্মসূচি ও কার্যক্রমসমূহ অব্যাহত রাখার লক্ষ্যে যথাযথ সহায়তা প্রদান করা
- গ্রামীণ পর্যায়ে কৃষি তথ্যপ্রযুক্তি বিস্তারে কৃষক সংগঠন ও বেসরকারি সংগঠনকে তথ্য সেবা প্রদান করা।

খ) কমিউনিটি রুরাল রেডিও প্রকল্প (জুলাই ২০১০–ডিসেম্বর ২০১২)

আমতলী উপজেলা পরিষদের চত্বরে এক তলা ভবনে তিন কক্ষবিশিষ্ট স্টুডিও ও দুই কক্ষবিশিষ্ট অফিস রুম এবং একটি এ্যান্টেনা নিয়ে কৃষি রেডিও নামে কমিউনিটি রুরাল রেডিওর কার্যক্রম চলছে। বর্তমানে প্রতিদিন সকাল ৯টা থেকে বেলা ১১টা এবং বিকাল ৩টা থেকে রাত ৯টা মোট-৮ ঘন্টা করে পটুয়াখালী ও বরগুনাজেলার ৮টি উপজেলায় কৃষি রেডিওর সম্প্রচার কার্যক্রম চলছে। এ রেডিওর মূল শ্লোগান 'আমার রেডিও আমার কথা বলে' (My Radio My Voice)।

এফএও'র সহায়তায় কৃষি তথ্য সার্ভিস কর্তৃক বরগুনা জেলার আমতলীতে কমিউনিটি রুরাল রেডিও স্থাপন করা হয়েছে। এ কেন্দ্রের মাধ্যমে অঞ্চলভিত্তিক কৃষি তথ্য প্রচার করা হয়। প্রাকৃতিক দুর্যোগের সময় কৃষি সংশ্লিষ্ট বিষয়ে তাৎক্ষণিক করণীয় সম্বন্ধে তথ্য প্রচার করা হয়। প্রকল্পে এফএও'র বিনিয়োগ ছিল ৩ কোটি ১৮ লাখ এবং রাজস্ব বরাদ্দ ছিল ৮২ লক্ষ ৫৫ হাজার টাকা।

কৃষিতে ডিজিটালাইজড প্রযুক্তির ব্যবহার

গ) ডিজিটাল এক্সটেনশন কর্মসূচি (জুলাই ২০১০–জুন ২০১২)

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অভিযাত্রায় কৃষি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় কৃষি তথ্য সার্ভিস কৃষিতে ডিজিটালাইজড প্রযুক্তি বাস্তবায়নে সদা তৎপর। বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকাণ্ডের কর্ণধার কৃষক তথা কৃষি কমিউনিটি বা গোষ্ঠীকে কৃষি তথ্য

কেন্দ্রভিত্তিক সেবা প্রদানের জন্য বিভিন্ন কর্মসূচির আওতায় ১৪৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে।

ঘ) কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবনমান উন্নয়ন প্রকল্প (জুলাই ২০১২–জুন ২০১৪)

প্রধান কার্যাবলী

- আইসিসি স্থাপনের মাধ্যমে সঠিক সময়ে চাহিদামাফিক কৃষিবিষয়ক তথ্যপ্রাপ্তি নিশ্চিতকরণ এবং ই-কৃষি কার্যক্রম ত্বরান্বিতকরণ
- সম্প্রসারণ কার্যক্রম, মিডিয়া এবং আইসিটি কার্যক্রম উন্নতকরণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন, আয়বর্ধন ও জীবনযাত্রার মানোন্নয়ন করা
- দশটি আইসিটি ল্যাব প্রতিষ্ঠার মাধ্যমে বছরব্যাপী আইসিটি প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট অঞ্চলের আইসিটি সংক্রান্ত সমাধান কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা লাভ করা

বিশেষ অর্জন

কৃষিতথ্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও গণমাধ্যমে কৃষিবিষয়ক প্রচার প্রচারণার জন্য ২০১০ সালে বঙ্গবন্ধু কৃষি স্বর্ণ পদক গ্রহণ

কৃষি বিষয়ক বাংলা ওয়েবসাইট নির্মাণ

- কৃষক, সম্প্রসারণকর্মী, মিডিয়াকর্মীসহ সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধিকরণ চলমান প্রযুক্তি আবিষ্কার, কৃষি বিষয়ক সর্ববৃহৎ বাংলা ওয়েবসাইট www.ais.gov.bd চালু করা

এ ওয়েবসাইটে বাংলাদেশে চাষকৃত অধিকাংশ ফসলের উৎপাদন কৌশলসহ মৎস্য ও প্রাণি সম্পদবিষয়ক পর্যাপ্ত উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য রয়েছে। এছাড়া এর মাধ্যমে বাজার তথ্য, আবহাওয়া, অনলাইন প্রশ্নোত্তর প্রভৃতি বিষয়ে হালনাগাদ তথ্য সেবা প্রদান করা হচ্ছে। প্রতি মাসে গড়ে ৪,৫০০ থেকে ৫,০০০ জন ভিজিটর (বাংলাদেশ এবং বিদেশ থেকে) এ ওয়েবসাইট থেকে তথ্য সেবা গ্রহণ করছেন।

মোবাইলভিত্তিক কৃষি তথ্য সেবা প্রদান

মোবাইল ফোনের মাধ্যমে কৃষক, জেলা ও উপজেলা পর্যায়ের সম্প্রসারণকর্মীদের কাছে কৃষি তথ্য প্রযুক্তি পৌছে দিতে কৃষি তথ্য সার্ভিস, A2I এবং বাংলালিংকের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে মোবাইল ফোনের মাধ্যমে এসএমএস দিয়ে দ্রুত কৃষি তথ্য সেবা কৃষক এবং মাঠ পর্যায়ে কর্মরত সম্প্রসারণকর্মীদের কাছে পৌছে দেয়া সম্ভব হচ্ছে।

কল সেন্টার স্থাপন

কল সেন্টার স্থাপনের মাধ্যমে কৃষি/মৎস্য/প্রাণিসম্পদ বিষয়ক বিশেষজ্ঞদের মাধ্যমে কৃষকের কাছ থেকে পাওয়া বিভিন্ন বিষয়ে সমস্যার তাৎক্ষণিক সমাধান দেয়া হচ্ছে। ০৯৬৩৩১২৩১২৩ নম্বরে শুক্রবার ব্যতিত সপ্তাহের বাকি ৬ দিন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত যেকোন মোবাইল থেকে ফোন করে কৃষক তাৎক্ষণিকভাবে সমস্যার সমাধান বিশেষজ্ঞদের কাছ থেকে পাচ্ছেন।

এআইএস কর্তৃক আয়োজিত কৃষি কল সেন্টারবিষয়ক কর্মশালা

ই-বুক



'ই-বুক' বা মাল্টিমিডিয়া বুক-এর মাধ্যমে বিভিন্ন ফসলের উৎপাদন প্রযুক্তি এবং বিষয় সম্পর্কিত তথ্যাদি একই সাথে টেকস্ট, ভিডিও/এনিমেশন, অডিও সংমিশ্রণ থাকায় সব ধরনের সেবা গ্রহণকারীরা খুব সহজেই বিষয়বস্তু সম্পর্কে সম্যক অবগত হতে পারেন।

কৃষি ইনফরমেশন বুথ [কিয়স্ক]

টাচ স্ক্রিনের মাধ্যমে সহজেই এ বুথ (কিয়স্ক) থেকে কৃষিবিষয়ক অনলাইন/অফলাইন কৃষি তথ্য পাওয়া সম্ভব। প্রয়োজনে সেগুলো প্রিন্ট করে নেয়া যায়। হাতের ছোঁয়ায় একজন স্বল্প শিক্ষিত ব্যক্তিও সহজেই বিভিন্ন তথ্য এখান থেকে গ্রহণ করতে পারেন। কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তর খামার বাড়িতে বুথ রয়েছে।

মোবাইল সিনেমা ভ্যানের মাধ্যমে তথ্য প্রযুক্তি প্রচার-৩,৫০০টি সিনেমা শো

কৃষি তথ্য সার্ভিস -এর মোবাইল সিনেমা ভ্যানের মাধ্যমে গ্রাম পর্যায়ে জনসাধারণের মাঝে ভিডিও সামগ্রীর মাধ্যমে কৃষি তথ্য ও প্রযুক্তি বিস্তার কার্যক্রম চলমান আছে।

KIOSK ব্যবহার করছেন একজন উপকারভোগী

ফিল্ম/ ফিলার (১৩টি ফিল্ম ও ৪০টি ফিলার)

সময়ের চাহিদানুসারে বিভিন্ন সময়ে কৃষি বিষয়ে বিভিন্ন ডকুমেন্টারি, ফিল্ম/ ফিলার কৃষি তথ্য সার্ভিস কর্তৃক নির্মাণ করা হচ্ছে, যাতে তথ্য প্রযুক্তিকে বিনোদনের মোড়কে কৃষকের মাঝে উপস্থাপন করা হয়। গণমাধ্যমে প্রচারসহ এসব ডকুমেন্টারি, ফিল্ম/ ফিলার দেশের প্রত্যন্ত অঞ্চলে এ দপ্তরের মোবাইল ভ্যানের মাধ্যমে মাল্টিমিডিয়ার জনগণের মাঝে প্রচার করা হচ্ছে। এর ফলে সর্বস্তরের কৃষক বিনোদনের মোড়কে তথ্য প্রযুক্তি সম্পর্কে অবগত হতে পারছে এবং উপকৃত হচ্ছে।

কৃষিকথা (মাসিক কৃষি ম্যাগাজিন)

কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তিগুলো সহজ সরল ভাষায় কৃষিকথায় প্রকাশ করা হয়ে থাকে। এ ছাড়া কৃষকের সাফল্যের কথা, বিভিন্ন ফসলের চাষাবাদ, কৃষক ও কৃষিজীবীদের প্রশ্নোত্তর নিয়মিত প্রকাশ করা হয়। বাংলা সনকে গণনা করে প্রতি মাসে কৃষিকথা প্রকাশ করা হয় এবং তা জনসাধারণের কাছে প্রতিকপি মাত্র ৫ (পাঁচ) টাকা মূল্যে বিতরণ করা হয়। এ ম্যাগাজিনটি উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে।

প্রকাশনা

- মাসিক কৃষিকথা
- মাসিক সম্প্রসারণ বার্তা
- লিফলেট
- পোস্টার

কৃষিবিষয়ক সাম্প্রতিক সংবাদগুলো সম্প্রসারণ বার্তার মাধ্যমে প্রকাশ করা হয়ে থাকে।

কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তিসহ বিভিন্ন ফসলের আবাদ কৌশল সহজ সরল ভাষায় লিফলেট আকারে প্রকাশ করা হয়ে থাকে। এগুলো সর্বসাধারণের মধ্যে বিনামূল্যে বিতরন করা হয়। এর ফলে কৃষক সহজেই তাদের প্রয়োজনীয় তথ্য পেয়ে থাকেন।

জনবল নিয়োগ

বর্তমান সরকারের সময় কৃষিতথ্য সার্ভিসে রাজস্ব খাতে ১১জন, ২টি প্রকল্পে ১২৩ জন কর্মকর্তা কর্মচারী নিয়োগ দেওয়া হয়। প্রকল্প ২টির মোট বরাদ্ধ ৪১ কোটি ৫৩ লক্ষ ১৭ হাজার টাকা।